Ref to Advisor
14.9.2026

Seen
16.09.26

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন
২১, রাজউক এভিনিউ, ঢাকা-১০০০
www.brtc.gov.bd

নং-৩৫.০৪.০০০০.০১১.১১.০০১.২৬ -১৬৯০

তারিখ: ১০ ভাদ্র ১৪৩৩ বঙ্গাব্দ
২৫ আগস্ট ২০২৬ খ্রিষ্টাব্দ

বিষয়: ইন্টার্নশিপ নিয়োগ বিজ্ঞপ্তিটি বহুল প্রচার সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন (বিআরটিসি)-তে ২০২৬-২০২৭ অর্থবছরে ০২ (দুই) জন ইন্টার্ন নিয়োগের লক্ষ্যে স্মারক নং-৩৫.০৪.০০০০.০১১.১১.০০১.২৬-১৬২৬ মোতাবেক গত ২৪/০৮/২০২৬ তারিখে 'দৈনিক প্রথম আলো' ও 'NewAge' পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। উক্ত বিজ্ঞপ্তির আবেদন জমা প্রদানের তারিখ আগামী ২০/০৯/২০২৬ খ্রি. পর্যন্ত।

২। এমতাবস্থায়, উক্ত বিজ্ঞপ্তি বহুল প্রচারের বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্ত: যথাবর্ণিত ০১(এক) পাতা।

২৫.০৮.২৬
দীনেশ সরকার
উপসচিব
জেনারেল ম্যানেজার (প্রশাঃ ও পার্সোঃ)
বিআরটিসি।
ফোন: ৪১০৫১৩৩৪
ই-মেইল: gmadmin@brtc.gov.bd

উপাচার্য
হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, দিনাজপুর

স্মারক নং-৩৫.০৪.০০০০.০১১.১১.০০১.২৬ -১৬৯০

তারিখ: ১০ ভাদ্র ১৪৩৩ বঙ্গাব্দ
২৫ আগস্ট ২০২৬ খ্রিষ্টাব্দ

বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)-

১। পরিচালক (অর্থ ও হিসাব)/(প্রশাঃ ও অপাঃ)/(কারিগরি ও প্রশিক্ষণ), বিআরটিসি।
২। জেনারেল ম্যানেজার (হিসাব)/(কারিগরি)/(আইসিডব্লিউএস ও প্রশিক্ষণ)/(অপাঃ), বিআরটিসি।
৩। সচিবের একান্ত সচিব, সড়ক ও মহাসড়ক বিভাগ, (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪। পিএস-টু চেয়ারম্যান, বিআরটিসি, চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য।
৫। জনাব মিরাজুল ইসলাম, দায়িত্বে কম্পিউটার অপাঃ-আদেশটি বিআরটিসি'র ওয়েবসাইটে প্রচার করার জন্য অনুরোধ করা হলো।
৬। অফিস কপি/মাষ্টার নথি।

জেনারেল ম্যানেজার (প্রশাঃ ও পার্সোঃ)
বিআরটিসি।

প্রথম আলো ২৪/৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন
২১ রাজউক এভিনিউ, ঢাকা-১০০০
www.brtc.gov.bd

স্মারক নং-৩৫.০৪.০০০০.০১১.১১.০০১.২৬-১৬২৬

তারিখ : ০৫ ভাদ্র ১৪৩৩ বঙ্গাব্দ
২০ আগস্ট ২০২৬ খ্রিষ্টাব্দ

# ইন্টার্নশিপ আহ্বান পুনঃ বিজ্ঞপ্তি

সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের স্মারক নং-৩৫.০০.০০০০.০৬৯.২৯.০১০.২৪-৩৬, তারিখ : ২১মে ২০২৬ মোতাবেক ইন্টার্নশিপ নীতিমালা, ২০২৩-এর আওতায় ২০২৬-২০২৭ অর্থবছরে বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন (বিআরটিসি)'র অধীনে ০৬ মাস মেয়াদে ০২(দুই) জনকে ইন্টার্নশিপ প্রদান করা হবে। ইন্টার্নশিপ গ্রহণের জন্য আগ্রহী প্রার্থীগণের নিকট থেকে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে আবেদনপত্র আহ্বান করা হলো :

০১। এই ইন্টার্নশিপ নিম্নবর্ণিত বিষয় সংশ্লিষ্ট হবে :
পরিবহন ব্যবস্থাপনা, মেরামত প্রযুক্তি, সড়ক নিরাপত্তা এবং পরিবেশ বান্ধব গণপরিবহন চালনা।
(সিভিল/মেকানিকাল/ইলেক্ট্রিক্যাল/ইলেক্ট্রনিক্স/কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বা সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক/স্নাতকোত্তর/সমমানের ডিগ্রিধারীদের জন্য) ০২। আবেদনের যোগ্যতা :
(ক) আবেদনকারীকে বাংলাদেশের নাগরিক হতে হবে;
(খ) যে কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক/স্নাতকোত্তর/সমমান পরীক্ষায় উত্তীর্ণ অথবা বর্ণিত পরীক্ষায় অবতীর্ণ (Appeared) হতে হবে। অবতীর্ণ প্রার্থীগণকে পরীক্ষায় অবতীর্ণ মর্মে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের প্রত্যয়নপত্র দাখিল করতে হবে;
(গ) স্নাতক/স্নাতকোত্তর/সমমান ডিগ্রি অর্জনের দুই (০২) বছরের মধ্যে আবেদন করতে হবে;
(ঘ) ইন্টার্নশিপ নীতিমালা, ২০২৩ এর অধীন একজন প্রার্থী শুধু একবার ইন্টার্নশিপ করতে পারবে এবং
(ঙ) বিশ্ববিদ্যালয়/সমমানের প্রতিষ্ঠানের শিক্ষা কার্যক্রমের অংশ হিসেবে ইন্টার্নশিপ প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই।

০৩। কোনো আবেদনকারী অন্য কোনো কর্মে নিয়োজিত থাকলে নিয়োগকারী কর্তৃপক্ষের অনাপত্তি সনদ দাখিল করতে হবে।

০৪। ইন্টার্নশিপ নীতিমালা, ২০২৩ অনুচ্ছেদ ১২ (গ) অনুযায়ী নির্বাচিত প্রার্থীকে একটি ঘোষণাপত্র ও একটি চুক্তিপত্র স্বাক্ষর করতে হবে।

০৫। ইন্টার্নশিপ চলাকালীন বিধি মোতাবেক মাসিক ১০,০০০/- (দশ হাজার) টাকা হারে 'ইন্টার্নশিপ ভাতা' প্রদান করা হবে। 'ইন্টার্নশিপ ভাতা' ব্যতীত অন্য কোনো ভাতা/সুবিধা প্রদান করা হবে না।

০৬। বিআরটিসি নির্ধারিত একজন সুপারভাইজারের অধীন ইন্টার্নশিপ সম্পন্ন করতে হবে।

০৭। ইন্টার্নশিপ নীতিমালা, ২০২৩ অনুযায়ী 'ইন্টার্নশিপ ভাতা' প্রাপ্তির জন্য প্রার্থীকে প্রতিমাসে সুপারভাইজারের নিকট থেকে সন্তোষজনক কর্মকালের প্রত্যয়ন দাখিল করতে হবে।

০৮। ইন্টার্নশিপ চলাকালীন ইন্টার্ন 'কর্মে নিয়োজিত রয়েছেন' মর্মে কোনোরূপ প্রত্যয়ন প্রদান করা হবে না। তবে সফলভাবে ইন্টার্নশিপ সম্পন্ন করার পর ইন্টার্নকে সনদ প্রদান করা হবে।

০৯। ইন্টার্নশিপ সনদ কোনোভাবেই কোনো প্রতিষ্ঠানে স্থায়ী, অস্থায়ী বা অন্য কোনো প্রকার চাকরির ক্ষেত্রে প্রাধিকার/অগ্রাধিকার হিসেবে গণ্য হবে না।

১০। কর্তৃপক্ষ প্রয়োজন মনে করলে প্রাথমিক বাছাইয়ের পর সংক্ষিপ্ত তালিকাভুক্ত প্রার্থীগণকে লিখিত বা মৌখিক বা উভয় প্রকার পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

১১। প্রযোজ্য ক্ষেত্রে লিখিত বা মৌখিক পরীক্ষার তারিখ ও সময় প্রার্থীর ই-মেইল/ডাকযোগে/মোবাইলে জানানো হবে।

১২। লিখিত বা মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো টিএ/ডিএ প্রদান করা হবে না

১৩। ইন্টার্নশিপ নীতিমালা, ২০২৩ এর শর্তানুযায়ী প্রার্থী ইন্টার্নশিপ সমাপনান্তে বিআরটিসি বা এর অধীন কোনো ডিপো/ইউনিট বা অন্য কোনো সরকারি প্রতিষ্ঠানে নিয়োগ প্রাপ্তির দাবি করতে পারবে না।

১৪। নির্বাচিত প্রার্থীকে ইন্টার্নশিপ নীতিমালা, ২০২৩ এর সকল শর্ত, অফিস ব্যবস্থাপনা ও সরকারি গোপনীয়তা সংক্রান্ত দেশে প্রচলিত সকল আইন ও বিধিবিধান প্রতিপালন করে ইন্টার্নশিপ সম্পন্ন করতে হবে।

১৫। ইন্টার্নশিপ গ্রহণে আগ্রহী প্রার্থীগণকে বিআরটিসি'র ওয়েব সাইট (https://brtc.gov.bd) থেকে আবেদন ফরম ডাউনলোড করে স্বহস্তে পূরণ সাপেক্ষে প্রয়োজনীয় কাগজপত্র সংযুক্তপূর্বক আগামী ২০/০৯/২০২৬ খ্রি. তারিখ এর মধ্যে বিআরটিসি'র প্রধান কার্যালয়ে (বিআরটিসি ভবন, ২১ রাজউক এভিনিউ, মতিঝিল ঢাকা ১০০০) পরিচালক (প্রশাঃ ও অপাঃ) বরাবর জমা দেওয়ার জন্য অনুরোধ করা যাচ্ছে।

১৬। মৌখিক পরীক্ষার সময় পূরণকৃত আবেদনপত্র ও আবেদনপত্রে উল্লিখিত সকল তথ্যের স্বপক্ষে প্রয়োজনীয় কাগজপত্র (শিক্ষাগত যোগ্যতার সনদ, সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠান হতে সংগ্রহকৃত চারিত্রিক সনদ/প্রশংসাপত্র, জাতীয় পরিচয়পত্র/জন্মনিবন্ধন, নাগরিকত্বের সনদ, সাম্প্রতিক তোলা পাসপোর্ট সাইজের তিন কপি রঙিন ছবি ইত্যাদি) মূলকপি প্রদর্শনপূর্বক এক সেট সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে।

20.08.26
ব্যবস্থাপক
বিআরটিসি